

## উল্কার বেগে ধেয়ে চলো

কাইউম পারভেজ

কে ! কে তুমি ধাবিত হচ্ছেো উল্কার বেগে  
গ্রাম থেকে গ্রামান্তরে – শহর নগর দেশান্তরে।  
প্রতিঘরে প্রতি বন্দরে আলো জ্বলে দিয়ে  
এগিয়ে চলেছো তুমি আশা জাগিয়ে সকল অন্তরে।  
মজবুত চলার পথ সেতু বন্ধনে এ প্রান্ত থেকে ওপ্রান্তে  
চমকি চমকি সবুজ ফসলের মাঠ সারি সারি বনাঞ্চল  
যেদিকে তাকাই সকলেই কর্মচঞ্চল।  
প্রাণের সাড়া পেয়েছে মৎস্য কন্যা বস্ত্র কন্যা শস্য কন্যা  
বলে – আরো আরো অ-নে-ক দূর যেতে হবে।

কে ! কে তুমি ধাবিত হচ্ছেো উল্কার বেগে  
পঞ্চাশটি লাল গোলাপের মালা পরে  
পদ্মা মেঘনা যমুনা সেতু অতিক্রম করে  
সেকি! তুমি পাতালেও চলে যাচ্ছেো কখনো  
কখনো ভেসে বেড়াচ্ছেো বিস্ময়ভরা মানুষ গুলোর  
মাথার ওপর দিয়ে মেট্রো নামে।

কে ! কে তুমি ধাবিত হচ্ছেো উল্কার বেগে  
দুঃসাহস – বলো কিনা সবার একটা করে ঘর হবে!  
সবার বেতন হবে পেনশন হবে চিকিৎসা হবে।  
সবাই খাবে সবাই হাসবে সবাই এক সাথে গাইবে  
আমার সোনার বাংলা আমি তোমায় ভালবাসি।

তলাবিহীন ঝুড়ি – তোমার এন্তো সাহস  
তুমি উল্কার বেগে ধেয়ে চলো  
তুমি অন্তরীক্ষে পৌঁছে গেছো  
তুমি সম্মানীয়দের সারিতেও পৌঁছে গেছো  
তুমি সেরা ফুল সেরা মাটি সেরা বাঁশীর সুর ধরেছো।

ধেয়ে চলো তুমি ধেয়ে চলো  
একদার তলাবিহীন ঝুড়ি  
তুমি উল্কার বেগে ধেয়ে চলো।  
তুমি উল্কার বেগে ধেয়ে চলো।